

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ত্রাণ কর্মসূচী-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.modmr.gov.bd

স্মারক নং- ৫১.০০.০০০০.৪২২.২২.০০৫.১৪-১২২

তারিখঃ ৩১ বৈশাখ ১৪২২ ব./১৪ মে ২০১৫

বিষয়ঃ গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির আওতায় সোলার প্যানেল ও বায়োগ্যাস প্রকল্প বাস্তবায়ন নির্দেশিকা।

গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) এবং গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচির আওতায় সোলার সিস্টেম ও বায়োগ্যাস প্রকল্পে মোট বরাদ্দের ৫০% খাদ্য/অর্থ দিয়ে গ্রহীত এই প্রকল্প সুষ্ঠুভাবে বাস্তবায়নে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনা রহিয়াছে। এ নির্দেশনা বাস্তবায়নে নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করিতে হইবে:

- (ক) সোলার প্যানেল : এই প্রকল্পে ইতোমধ্যে নির্বাচনী এলাকা, উপজেলা, আংশিক সিটি কর্পোরেশন, পৌরসভা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসকদের বরাদ্দকৃত গম/চাল/টাকা দ্বারা যে সব এলাকায় বিদ্যুৎ সুবিধা নেই এবং যে সব এলাকায় নিরবিচ্ছিন্নভাবে বিদ্যুতের প্রয়োজন সে সকল এলাকায় সোলার হোম সিস্টেম স্থাপন করিতে হইবে;
- (খ) বায়োগ্যাস : এই প্রকল্পে বরাদ্দকৃত খাদ্য/অর্থ যেসব পরিবারে অন্ততঃ ৪/৫টি গবাদিপশু রহিয়াছে সেই সকল ব্যক্তিকে এই প্রকল্পে অন্তর্ভুক্ত করিয়া বায়োগ্যাস প্রকল্প চালু করিতে হইবে;
- (গ) উন্নতমানের চুলা : প্রকল্পভুক্ত এলাকায় যে সকল বিধবা মহিলা সরকার কর্তৃক বিধবাবাতা পান এবং অপেক্ষাকৃত দরিদ্র জনগোষ্ঠির মধ্যে এই উন্নতমানের চুলা সরবরাহ করিতে হইবে;

(ঘ) সোলার প্যানেল এবং বায়োগ্যাস প্রকল্প সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে বিগত ০৯ ডিসেম্বর ২০১৪ খ্রিঃ তারিখ জারীকৃত কাবিখা/টিআর কর্মসূচী নির্দেশিকা অনুযায়ী প্রকল্প বাস্তবায়ন কমিটি গঠন করে প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন করিতে হইবে। উন্নতমানের চুলা সংক্রান্ত কার্যক্রম ও একই ধরনের কমিটির মাধ্যমে প্রদান করিতে হইবে;

(ঙ) উপরিলিখিত কর্মসূচিসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে কাবিখা কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নে সর্বনিম্ন (৯ মেঃ টন গম) ১,৮০,০০০/- টাকা এবং টিআর কর্মসূচির আওতায় প্রকল্প বাস্তবায়নে সর্বনিম্ন (১ মেঃ টন গম) ২০,০০০/-টাকা বরাদ্দ প্রদান করা যাইবে।

মহাপরিচালক,
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর,
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন,
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা।

স্বাক্ষরিতঃ
(মোঃ আফজাল হোসেন)
যুগ্ম-সচিব (ত্রাক-২)
ফোন নং- ৯৫৪০১৪৩

E-mail: dsrelief prog2@modmr.gov.bd


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
বীর উত্তম এ, কে খন্দকার রোড
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১২.১৪.০৬৭.১৪- ৬৩৯

তারিখঃ ১৭/০৫/২০১৫ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলঃ-

- ১। বিভাগীয় কমিশনার.....(সকল)।
২। জেলা প্রশাসক,(সকল)।


(মোঃ আবদুল মালেক)
(উপ-সচিব)
উপ-পরিচালক(কাবিখা-১)
ফোনঃ ৯৮৮৬৪৭৩

